দৈনিক ইনকিলাব

তারিখ JUN. 1 9 1999
পৃষ্ঠা ৬ কলাম ৭

চাটখিলে ৮টি কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ে

# ৮ জন শিক্ষক ২৬ মাস ও ২৪ জন ৫ মাস যাবত ভাতা পাচ্ছে না

চাটখিল নিজস্ব সংবাদদাতা ঃ চাটখিল থানাধীন ৮টি স্বল্পব্যয়ী কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ের ৮ জন শিক্ষক ২৬ মাস যাবত এবং ২৪ জন শিক্ষক ৫ মাস যাবত ভাতা না পেয়ে মানবেতর জীবন-যাপন করার অভিযোগ পাওয়া গেছে। চাটখিল প্রেস ক্লাবে আয়োজিত সংবাদ সম্মেলনে ২৭ মে উক্ত অভিযোগ করা হয়। সম্মেলনে চাটখিল থানাধীন ৮টি কমিউনিটি বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ উপস্থিত ছিলেন। লিখিত বক্তব্য পেশ করেন মনিরুল আলম চৌধুরী। লিখিত বক্তব্যে প্রাথমিক শিক্ষা ক্ষেত্রের বৈষম্য দূরীকরণ, বেতন স্কেল প্রদান, অগ্রাধিকার ভিত্তিতে সরকারী প্রাথমিক বিদ্যালয়ে নিয়োগদানসহ কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ১১ দফা দাবী বাস্তবায়নের এবং প্রাপ্য ভাতা অবিলম্বে প্রদানের দাবী জানান হয়। শিক্ষকগণ সকাল সাড়ে ৯টা থেকে সোয়া ৪টা পর্যন্ত দায়িত্ব পালন করে ৫০০ টাকা ভাতা পাওয়াকে মানবাধিকারের লংঘন বলে উল্লেখ করেন।